



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-১০৪/২১৬৫/১৬

তারিখঃ ১৫.০৩.২০১৮খ্রিঃ


বিষয়ঃ মাদ্রাসার নামকরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং- ৩৭.০০.০০০০.০৭৫.০২৭.৫৫.১৭-৩৪৬; তারিখঃ ২৭ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার রূপসা উপজেলাধীন ‘রূপসা দাবুছুল্লাহ আলিম মাদ্রাসা’র নাম পরিবর্তন করে ‘আলহাজ্জ শেখ তৈয়বুর রহমান আলিম মাদ্রাসা’ নামে নামকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়েছে। অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার নামকরণের বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক বোর্ডের নিকট কোন আবেদন দাখিল করেন নাই। বোর্ডের নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্রও জমা করা হয় নাই।

উল্লেখ্য যে, ইতোপূর্বে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী “আলিম স্তরের কোন মাদ্রাসার নাম পরিবর্তন করতে হলে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা মাদ্রাসার সংরক্ষিত তহবিলে জমা করতে হবে। উক্ত অর্থের তহবিল সংশ্লিষ্ট মাদ্রাসার প্রধান/সভাপতি ও জেলা শিক্ষা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে” মর্মে বিধান রয়েছে। এ বিষয়েও মাদ্রাসা কর্তৃপক্ষের গৃহীত কোন পদক্ষেপের কাগজপত্র/প্রমাণাদি পাওয়া যায়নি। এছাড়া মাদ্রাসার নাম পরিবর্তনের বিষয়টি গুরুত্বপূর্ণ এবং এলাকা সংশ্লিষ্ট বিষয় বিধায় স্থানীয় প্রশাসনেরও মতামত গ্রহণ করা আবশ্যিক। এতদসংক্রান্ত কোন কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত নেই।

বিষয়টি মহোদয়কে অবহিত করা হলো।


 প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
 চেয়ারম্যান
 বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
 ফোনঃ ৫৮৬১০২১৬

সচিব
 কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
 শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোঃ আঃ খালেক মিজ্ঞা, সহকারী সচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।